



তথ্য পাওয়ার অধিকার আছে কিন্তু সবার

আপনি জানেন কি?

তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে খুব সহজে যে কোন কর্তৃপক্ষের
অনুকূলে নির্ধারিত ফরমে তথ্য চেয়ে আবেদন করতে পারেন।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাগুরা জেলা কার্যালয়
সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির জন্য ভিজিট করুন-

www.dncrp.magura.gov.bd

তথ্য পাবার নিয়ম:

- কোন ব্যক্তি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিতভাবে বা ই-মেইলে অনুরোধ করতে পারবেন।
- আবেদনে অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রয়োজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর এবং ইমেইল স্পষ্ট থাকতে হবে।
- যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা থাকা প্রয়োজন।
- অনুরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী থাকতে হবে।
- কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা থাকতে হবে।
- এই ধারার অধীন তথ্য প্রাপ্তির অনুরোধ কর্তৃপক্ষ কর্তৃক মুদ্রিত ফরমে বা নির্ধারিত ফরমেটে হতে হবে।
- তবে, ফরম মুদ্রিত বা সহজলভ্য না হলে কিংবা ফরমেট নির্ধারিত না হলে, প্রয়োজনীয় তথ্যাবলী সন্নিবেশ করে সাদা কাগজে বা ই-মেইলেও প্রাপ্তির ন্য অনুরোধ করা যাবে।
- ৩০ কার্যদিবসের মধ্যে তথ্য পাওয়া না গেলে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর ৩০ দিনের মধ্যে আপীল আবেদন করা যাবে এবং আপীল আদেশে সংক্ষুব্ধ হলে আবেদনকারী ৩০ দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
মাগুরা জেলা কার্যালয়, মাগুরা।